

অবনী, বাড়ি আছে ?  
শক্তি চট্টোপাধ্যায়

দুয়ার ঐটে ঘুমিয়ে আছে পাড়া  
কেবল শুনি রাতের কড়া নাড়া  
“অবনী, বাড়ি আছে ?”

বৃষ্টি পড়ে এখানে বারোমাস  
এখানে মেঘ গাভীর মতো চড়ে  
সবুজ নালীঘাস  
দুয়ার চেপে ধরে  
“অবনী, বাড়ি আছে ?”

আধেকলীন হৃদয়ে দূরগামী  
ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি  
সহসা শুনি রাতের কড়া নাড়া  
“অবনী, বাড়ি আছে ?”